

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অপরিমেয় ঐতিহ্য শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খলিল আহমদ
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ০৫ অক্টোবর ২০২৩, বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি : মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ সভাকক্ষে এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ অনলাইনে সংযুক্ত ছিলেন।


সভাপতি উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব হাসনা জাহান খানম মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপন করেন এবং যে সকল কার্যক্রমে আশানুরূপ অগ্রগতি নেই সে সকল কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট সকলের নিকট তাদের মতামত জানতে চান। সংশ্লিষ্ট শাখা/অধিশাখার ও দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ বর্তমান অগ্রগতি তুলে ধরেন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই কার্যক্রম সম্পন্ন হবে বলে সকলেই সভাপতিকে আশ্বস্ত করেন। এপিএ'র নির্ধারিত কার্যক্রম সম্পন্ন হওয়ার পর উপযুক্ত প্রমাণক এপিএ শাখায় প্রেরণ এবং স্ব স্ব শাখায় সংরক্ষণ করার জন্য অনুরোধ জানান।

০২। সভাপতি মহোদয় এপিএ'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথেও আলোচনা করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের অগ্রগতি তুলে ধরেন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন হচ্ছে মর্মে সচিব মহোদয়কে আশ্বস্ত করেন।

০৩। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১।	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে এপিএএমএস সফটওয়্যার এ আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে।	এপিএ শাখা ও এপিএ টিম
২।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) সূচক অনুযায়ী সকল কার্যক্রম সংশ্লিষ্ট শাখা কর্তৃক নির্ধারিত সময়ের পূর্বে অবশ্যই সম্পাদন করতে হবে এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত সকল কার্যক্রমের উপযুক্ত প্রমাণক এপিএ এর দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট সংশ্লিষ্ট কপিসহ জমা প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা/ দপ্তর

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মন্ত্রণালয়ের বর্তমান অর্থবছরে এপিএ ফলাফল ভালো করার আশাবাদ ব্যক্ত করে উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(খলিল আহমদ)
সচিব